সত্যজিৎ রায় - প্রফেসর শঙ্কুর গল্প

প্রফেসর শঙ্কু ও খোকা



Bengali Comics Songraho

Click the link to join for more Bengali comics

প্রফেসর শঙ্কু ও খোকা

কাহিনি: সত্যজিৎ রায় **চিত্রনাট্য ও ছবি:** অভিজিৎ চট্টোপাধ্যায়




কী ব্যাপার বলুন তো?
আজ্ঞে, আপনি যদি দয়া করে এক বার আমাদের বাড়িতে আসতে পারেন তো বড় ভাল হয়।
কেন বলুন তো? আমি তো এখন খুব ব্যস্ত।
আপনি ছাড়া আর কার কাছে যাব বলুন। আমি থাকি ঝাঝায়। আমার ছেলেটির ব্যারাম। কী যে ব্যারাম, তা বুঝতেও পারছি না। আপনি হলেন এ মুলুকের সবচেয়ে বড় ডাক্তার। তাই আপনার কাছেই...
আপনি আমার বাবা ত্রিপুরেশ্বর শঙ্কুর কথা শুনে থাকবেন। উনি চিকিৎসক ছিলেন। আমি ডাক্তার নই, বিজ্ঞানী।


ভুল হয়েছে? বিজ্ঞানী! ও, তা হলে বোধ হয় ভুলই হয়েছে। কিন্তু তা হলে কোথায় যাব বলুন তো?
আসুন। ভিতরে আসুন...
চা, জল কিছু খাবেন?
একটু জল।


আপনাদের ও দিকে তো আরও অন্য ডাক্তার রয়েছেন।
তা আছে। তবে তারাও কিছু করতে পারল না আমার খোকার জন্য।
কী হয়েছে আপনার ছেলের? কত বয়স?
আজ্ঞে, ছেলের আমার চার পুরেছে গত জষ্ঠি মাসে। খোকা বলে ডাকি, ভাল নাম অমূল্য।
হয়েছে কী এই সে দিন, এই গত বুধবার সকালে... আমার উঠোনের এক কোণে শ্যাওলা পড়ে ভারী পিছল হয়ে আছে। সেখানে খেলা করতে গিয়ে পা পিছলে পড়ে মাথায় এই বাঁ দিকটায় একটা চোট লাগল।
খুব কান্নাকাটি করল খানিকটা। পরে দেখলাম, মাথায় ওখানটা ফুলেওছে বেশ। ফোলা অবিশ্যি দু’দিনেই কমে গেল, কিন্তু সে থেকে কী যে আবোল-তাবোল বকছে, তা বুঝতেই পারছি না।
অমন কথা আগে সে এর আগে কখনও বলেনি বাবু! কেমন যেন মনে হয়। বুঝতে পারি না। তবু মনে হয়, সে কথার যেন মানে আছে।


মুখ্যুসুখ্যু মানুষ। পোস্ট অফিসের কেরানি। তার মানে বুঝি না।
ডাক্তার বোঝেনি তার মানে?
আজ্ঞে না। আর সে ডাক্তার তো তেমন নয়। তাই ভাবলাম যে আপনার কাছে...
কেন, ঝাঝায় ডাক্তার গুহ মজুমদারকে তো আমি চিনি। তিনি তো ভাল চিকিৎসক।
আমার কি তেমন সামর্থ্য আছে বাবু যে, আমি বড় ডাক্তারকে ডাকব? আমায় সবাই বললে যে, গিরিডির শঙ্কু ডাক্তারের কাছে যাও। তিনি দয়ালু লোক, বিনি পয়সায় ছেলেকে ভাল করে দেবেন। তাই এলুম আর কী!
এই কুড়িটা টাকা রাখুন। গুহ মজুমদারকে দেখান। তিনি নিশ্চয়ই আপনার ছেলেকে ভাল করে দেবেন।
আপনাকে অযথা বিরক্ত করলুম। কিছু মনে করবেন না।

ডা. গুহ মজুমদার?
আপনি তো মশাই বেশ আমার ঘাড়ে চাপিয়ে দিলেন। এ চিকিৎসা তো আমার দ্বারা সম্ভব নয় প্রফেসর শঙ্কু।
কী অসুখ হয়েছে বলুন তো ছেলেটির? কষ্টটা কী?
কোনও কষ্ট আছে বলে মনে হয় না।
তবে? মাথায় চোট লেগে ব্রেনে কিছু হয়েছে কি? ভুল বকছে?
ভুল বকছে। তবে ভুল-ঠিক বলা শক্ত। এখনও পর্যন্ত এমন কিছু বলতে শুনিনি, যেটায় জোর দিয়ে ভুল বলা চলে। আবার এমন কিছু বলতে শুনেছি, যেগুলো একেবারে অবিশ্বাস্য রকম ঠিক।
কিন্তু আমি-ই বা এ ব্যাপারে কী করতে পারি, বলুন?


আপনি এক বার আমাদের সঙ্গে চলুন। এক বার দেখে আসুন অন্তত। আর কিছু না হোক, আপনার খুব আশ্চর্য ও ইন্টারেস্টিং লাগবে।
সত্যি বলতে কী, কেউ যদি এর একটা কিনারা করতে পারে, তবে সেটা আপনিই পারবেন।
ও ভাল কথা। আপনার নামটা জানা হয়নি।
আজ্ঞে, দয়ারাম বোস।


স্বাগতম!
তুমি সংস্কৃতে অভ্যর্থনা জানাতে শিখলে কী করে?


সিক্স অ্যান্ড সেভ্‌ন পয়েন্ট টু ফাইভ?
পরিষ্কার ইংরেজি উচ্চারণ! কিন্তু এ প্রশ্নের মানে কী?
এ সব কথা ও কোত্থেকে শিখল?
ও যে সমস্ত কথা ক'দিন থেকে বলছে, তা ওকে কেউ শেখায়নি। নিজে থেকেই বলছে। সেখানেই গন্ডগোল। খাচ্ছেদাচ্ছে ঠিকই। ঘুমটা বোধ হয় কমেছে। আমরা যখন বেরিয়েছি পাঁচটায়, তখনই ও উঠে কথা শুরু করেছে।
সকালে কী বলছিল?
করভাস স্‌প্লেন্ডেন্স, পাসের ডোমেস্টিকাস।
মাথার ঠিক কোনখানটায় লেগেছিল?
অস টেম্পোরালে।
?



একটু আগে যে কথাটা বললে সেটা কী?
সিক্স অ্যান্ড সেভ্‌ন পয়েন্ট টু ফাইভ।
তা তো বুঝলাম, কিন্তু সেটার...
আমার চশমার দুটো লেন্সের পাওয়ার হল মাইনাস সিক্স ও মাইনাস সেভ্‌ন পয়েন্ট টু ফাইভ।
ঠিক আছে। খোকাকে আমার বাড়িতে নিয়ে গিয়ে রাখব কয়েক দিন।



পর্যবেক্ষণ করব। হয়তো কিছু একটা করা যেতে পারে।
দয়ারাম, কী বলো?
আপনারা যা ভাল বোঝেন।
আপনি ওকে নিয়ে যেতে চান নিয়ে যান, কিন্তু দয়া করে যেমনটি ছিল, তেমনটি করে আমাদের আবার ফেরত দিয়ে যাবেন। চার বছরের ছেলের চার বছরের বুদ্ধিই ভাল। ও যা বলছে, সে তো আর আমাদের সঙ্গে নয়। সে ওর নিজের সঙ্গে...
ছেলে যেন আর আমাদের ছেলেই নেই! এতে বড় কষ্ট পাই ডাক্তারবাবু। আমাদের ওই এক মাত্র ছেলে। আমাদের কথাটাও একটু ভেবে দেখবেন।
খোকার জামাকাপড়ের ব্যাপারে চিন্তা করবেন না। দর্জি দিয়ে করিয়ে নেব।
খোকা!
এক বার ঘুরেও দেখল না।


একে কি ব্যারাম বলা চলে?
এর উত্তর আপনিই দিতে পারবেন।
খক
খক
খক
ড্যাম ইট!
স্পার্কিং প্লাগ!
অবিশ্বাস্য!
আমি এক জন ভাল মেকানিক...গাড়িতেই যন্ত্রপাতি আছে। তবে সময় লাগবে।


খোকাবাবু, তোমার জন্য দুধ এনেছি।
এই নাও খেয়ে নাও।
সন্মোলিন।
তোমার ঘুমোলে ভাল হবে। ওটা খেয়ে নাও।
না, ওষুধ দিয়ো না। ভুল কোরো না।
তুমি কী করে জানলে আমি ভুল করছি? তোমার কী হয়েছে তুমি জানো?


আমার চশমার পাওয়ার বলে দিচ্ছে, স্পার্কিং প্লাগ, দুধে সন্মোলিন রয়েছে জেনে গেল! জুলিয়াস রেডেলের লেখা বই থেকে কিছু জানা যায় কি না দেখি।
ওতে পাবে না।



টির‍্যানিয়াম ফসফেট।
আমার তৈরি নতুন অ্যাসিডের নাম জানল কী করে!
ল্যাবরেটরি দেখব।
ওখানে কী হবে? ধুলো... গন্ধও ভাল নয়। নানা রকম আজেবাজে ওষুধপত্র।


গ্র্যাভিটি।
'টু বি, অর নট টু বি, দ্যাট ইজ় দ্য কোয়েশ্চেন: হোয়েদার 'টিস নোবলার ইন দ্য মাইন্ড টু সাফার দ্য স্লিংস অ্যান্ড অ্যারোজ়...
কিছু নাম নিশ্চিহ্ন হয়ে গিয়েছিল... সেরিনহা, জেকোবিনা, ক্যাম্পো, ফরমোসা।

চলো, আমরা বৈঠকখানায় গিয়ে বসি।
ইনি আবার কোত্থেকে আমদানি হলেন? গিরিডি শহরে তো এঁকে দেখেছি বলে মনে পড়ছে না।


ও আমার কাছে এসে কিছু দিন রয়েছে। এক জ্ঞাতির ছেলে।
কী নাম তোমার খোকা, অ্যাঁ?
এক্টোমরফিক সেরিব্রেটনিক।
ও বাবা, এ কোন দিশি নাম, ও অধ্যাপক মশাই!
ও যেটা বলল, সেটা হচ্ছে আপনার বিশেষ আকৃতি ও প্রকৃতির বৈজ্ঞানিক বর্ণনা। ওর নাম অমূল্যকুমার বসু।
বৈজ্ঞানিক নাম? আপনি আজকাল কচি খোকাদের ধরে ধরে ওই সব শেখাচ্ছেন নাকি?
উনি আমায় শেখাননি।


অবিনাশবাবু গেছেন চারটে দশে। সাড়ে ছ'টা থেকে লোক জমা হতে শুরু করেছে। এখন আটটা। আর খোকা ঘুমোচ্ছে, বলা যাবে না। এক বার ওকে নিয়ে নীচে যেতেই হবে।
কী নাম তোমার?
কোথায় থাকো?
কী মিষ্টি!
আপনারা এ ভাবে ভিড় করলে তো আলো-বাতাস বন্ধ হয়ে শরীর খারাপ হয়ে যাবে।
তা হলে ওকে বাইরে নিয়ে আসুন না।
টাইটো আলবা!


আলস্টোনিয়া স্কোলারিস!
ট্যাজিটস এরিক্টা!
হিলিয়ানথাস অ্যানুস!
অবিনাশ ভায়া, তুমি না বললে তো এই বিস্ময় বালকের দর্শনই হত না আমাদের।
আমি এক জন বটানিস্ট। এই বয়সে এই উচ্চারণ, অবিশ্বাস্য!
নিকট্যানথিস আরবর ট্রিসটিস...
ক্যাপ্রিকর্নাস, সিগনাস...
দেখা যাক, কাল ক'জন আসে।

আপনার কাগজের সার্কুলেশন ৫৮০০০...
আমি জিজ্ঞেস করছিলাম, চাঁদে মানুষ কবে পৌঁছোবে?
ফ্ল্যাশ না। চোখে লাগে।
দেখো না, কেমন সুন্দর ছবি হবে তোমার।
শাটার টিপলাম, ফ্ল্যাশ হল না, অথচ বাল্‌ব পুড়ে গেল।



বাল্‌ব পাল্টে দেখি।
সাতটা বাল্‌ব পুড়ে গেল, কোনও ফ্ল্যাশ হচ্ছে না।
এ সব কী হচ্ছে! ছবিটবি তোলা ভুলে গেলে নাকি?
বুঝতে পারছি না...
মির ইস্ট মুয়েডা।
খোকা এখন ভিতরে যাবে। সে বিশ্রাম করতে চায়।
চলো খোকাবাবু।
আমি এক জন ইম্প্রেসারিও। আমার ইচ্ছে, খোকাকে কলকাতায়...
...নিউ এম্পায়ার স্টেজে উপস্থিত করব। খোকার খ্যাতিও হবে, রোজগারও হবে। তেমন বুঝলে বিলেতে নিয়ে যাওয়ার বন্দোবস্তও করা যেতে পারে।
খোকার মা-বাবার অনুমতি ছাড়া আমি এ ব্যাপারে মত দিতে পারি না। ওর বাবার ঠিকানা দিয়ে দিচ্ছি, আপনি তাঁর সঙ্গে গিয়ে কথা বলুন।


পৃথিবীর ইতিহাসে খোকার এই ঘটনা একেবারে অনন্য ও অভূতপূর্ব, এ বিষয়ে আমার আর কোনও সন্দেহ নেই।




টির‍্যানিয়াম
ফসফেটের
বোতল।
অ্যানাইহিলিন দাও।


খোকা, তুমি যে সব জিনিস নিয়ে ঘাঁটাঘাঁটি করছ, সেগুলো ভাল না। তুমি আমার সঙ্গে উপরে চলে এসো।
অ্যানাইহিলিন দাও! ভাল চাও তো দাও।


এক্ষুনি দাও।
এত অ্যাসিড হ্যান্ডল করেও ও জখম হয়নি।
অ্যানাইহিলিন নিয়ে কী করবে ও?


অ্যানাইহিলিন...
এর চেয়ে মারাত্মক অ্যাসিড হয় না।


খোকা...
ঘুমিয়ে
পড়ল...?
ভাবটা ঘুমের— গভীর ঘুম।


মা কোথায়?
মাকে খুঁজছে... এই তুমি পাঁচ ঘণ্টা আগে তোমার এক অদ্ভুত কন্ডিশন থেকে নিজেই ওষুধ তৈরি করে নিজেকে সারিয়ে তুলেছ।
আমায় লজঞ্চুস এনে দেবে দাদু, লজঞ্চুস?
নিশ্চয়ই দেব। তোমার জন্য সঙ্গে করেই নিয়ে এসেছি।
অভীজিৎ

সমাপ্ত